



চৌমুহনী সরকারি এস.এ কলেজ

CHAUMUHANI GOVT. S.A COLLEGE

ডাকঘর : চৌমুহনী, উপজেলা : বেগমগঞ্জ, জেলা : নোয়াখালী।

ফোন : ০৩২১-৫১০৩০, ফ্যাক্স : ০৩২১-৫৬৩০১,


Web site: www.cgsacollege.edu.bd E-mail: cgsa.college@yahoo.com

কলেজ কোড : ০০৯৩
শিক্ষা বোর্ড কোড : ৬০৭৫
বিশ্ববিদ্যালয় কোড : ৪২০৭
পোস্ট কোড : ৩৮২১
ইআইআইএন নং: ১০৭২৫৩

তারিখ : ২৮/১১/২০১৮

“জমি ইজারা (পুনঃদরপত্র) বিজ্ঞপ্তি” (চতুর্থ বার)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চৌমুহনী সরকারি এস এ কলেজের দক্ষিণ দিকে অবস্থিত ইরি ও মৎস চাষের উপযোগী কৃষি জমি আনুমানিক ১৫.০০ (পনের) একর, মাঠের দক্ষিণ পাশ ও পূর্ব পার্শ্বের একটি লেক, উত্তর পাশের একটি পুকুর, দক্ষিণ কোণে সমাজকল্যাণ ভবন সংলগ্ন ০২ (দুই) টি পুকুর ও ভিটিসহ ০১ জানুয়ারি ২০১৯ ইং হতে ৩১ ডিসেম্বর ২০২০ পর্যন্ত ০২ (দুই) বছর সময়ের জন্য কলেজ কর্তৃপক্ষের প্রদত্ত শর্তাধীনে ইজারা দেয়া হবে। আগ্রহী ব্যক্তি ও প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত সিডিউলে সীলগালাকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরদাতাকে অধ্যক্ষ, চৌমুহনী সরকারি এস এ কলেজ, চৌমুহনী, নোয়াখালী এর অনুকূলে দরপত্রে উল্লেখিত দরের ১০% টাকা পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে। সর্বোচ্চ দরদাতাকে সরকারি বিধি মোতাবেক ভ্যাট, আয়কর ও দরপত্রের সম্পূর্ণ টাকা দরপত্র প্রাপ্তির পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে কলেজ অফিসে পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে। কোন প্রকার চেক/নগদ টাকা গ্রহণযোগ্য হবে না। দরদাতাগণ ২০০০.০০ (দুই হাজার) টাকা (অফেরত যোগ্য) প্রদান পূর্বক কলেজ অফিস থেকে ০৪/১২/২০১৮ ইং হতে ০৯/১২/২০১৮ ইং সময়ে সকাল ১০:০০ টা হতে দুপুর ০১:০০ টা পর্যন্ত সিডিউল সংগ্রহ করতে পারবে। ১১/১২/২০১৮ ইং সকাল ১০:০০ টা হতে দুপুর ১২:০০ টা পর্যন্ত অধ্যক্ষের অফিস কক্ষে রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র জমা দেয়া যাবে। ঐদিন দুপুর ০১:০০ টার সময় উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। কলেজ কর্তৃপক্ষ দরপত্র গ্রহণ/বাতিল করার সর্বময় ক্ষমতা সংরক্ষণ করে।


অধ্যক্ষ

চৌমুহনী সরকারি এস.এ কলেজ
চৌমুহনী, নোয়াখালী।

স্মারক নং চৌসক/২০১৮-২০১৯/২৪৫

তারিখ : ২৮/১১/২০১৮

বিজ্ঞপ্তির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। কলেজ নৌটিশ বোর্ড।
- ২। পৌরসভা অফিস নৌটিশ বোর্ড।
- ৩। উপজেলা পরিষদ নৌটিশ বোর্ড।
- ৪। জেলা পরিষদ নৌটিশ বোর্ড।
- ৫। জাতীয় নিশান পত্রিকা।

অধ্যক্ষ

চৌমুহনী সরকারি এস.এ কলেজ
চৌমুহনী, নোয়াখালী।